# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


পরিচালকের কার্যালয়
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন (নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৭১২৬১৫৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

www.bwdb.gov.bd

Office of the Director
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 7126155
email: director_cpc@yahoo.com


স্মারক নংঃ সিপিসি-৫১/পিপিআর/২৫১ তারিখঃ ১১-০৬-২০১২ ইং

## সার্কুলার

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাপাউবো'তে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ২(দুই) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ও ২৫ লক্ষ টাকা পর্যন্ত পন্য সরবরাহের লক্ষ্যে ২০১২-২০১৩ অর্থ বৎসরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন করা হইবে। এমতাবস্থায় ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকল ক্রয়কারীকে (Procuring Entity) নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করিতে অনুরোধ করা হইলঃ

১। ঠিকাদার তালিকাভুক্তির জন্য কেন্দ্রীয়ভাবে বোর্ডের পক্ষে পরিচালক, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল হইতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে।

২। ঠিকাদারগণ পাউবো'র যে বিভাগে/দপ্তরে তালিকাভুক্তিতে আগ্রহী সেই বিভাগের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী (Procuring Entity) এর দপ্তরে আবেদন পত্র জমা দিবেন। যে সকল ঠিকাদার বর্তমানে কোন নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী এর দপ্তরে তালিকাভুক্ত আছেন তাহাদেরকেও নবায়নের জন্য নিবন্ধন বহিতে প্রদত্ত শর্তানুযায়ী সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী এর দপ্তরে আবেদন পত্র জমা দিতে হইবে। উল্লেখ্য যে, একই ঠিকাদার একের অধিক দপ্তরে তালিকাভুক্ত হইতে পারিবেন তবে পৃথকভাবে আবেদন করিতে হইবে এবং নির্ধারিত ফি জমা দিতে হইবে।

৩। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী ঠিকাদারগণের নুতন তালিকাভুক্তির জন্য ক্রয়কারী সিপিটিইউ এর ওয়েবসাইট (www.cptu.gov.bd) অথবা বাপাউবো'র ওয়েবসাইট (www.bwdb.gov.bd) হইতে Standard Application Form for Enlistment (SAFE) ডাউনলোড করিয়া আবেদনপত্র(Document) প্রস্তুতপূর্বক উহা তালিকাভুক্তির জন্য আগ্রহী ঠিকাদারগণকে সরবরাহ করিবেন। **নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী SAFE এর 4.1(c ) তে Bank Solvency Certificate of Amount Tk. 20.00 Lakh** উল্লেখ করিবেন ।

৪। ঠিকাদারগণকে তালিকাভুক্তির জন্য আবেদন পত্রের সহিত আবেদন ফি বাবদ ৫০০.০০ (পাঁচ শত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট র‍্যাক বরাবর দাখিল করিতে হইবে।

৫। প্রত্যেক নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩)(খ) মোতাবেক নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে Enlistment Committee গঠন করিবেন যাহা সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত হইতে হইবেঃ

| | | |
|---|---|---|
| (ক) | নির্বাহী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা | - সভাপতি |
| (খ) | ১ জন পাউবো বহির্ভূত সদস্য | - সদস্য |
| (গ) | উপ-বিভাগীয় প্রকৌশলী/ সমমানের কর্মকর্তা | - সদস্য সচিব |

৬। Enlistment Committee বিজ্ঞপ্তিতে চাহিদাকৃত তথ্যাদির ভিত্তিতে ঠিকাদারগণের নিকট হইতে প্রাপ্ত তালিকাভুক্তি/নবায়নের আবেদন মূল্যায়ন করতঃ তালিকা প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট অনুমোদনের জন্য সুপারিশ সহকারে দাখিল করিবেন এবং প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের পর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী তালিকা সংরক্ষণ করিবেন ও উহার এক কপি কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেলে প্রেরণ করিবেন। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী কৃতকার্য তালিকাভুক্ত/নবায়নকৃত ঠিকাদারগণকে পত্র মারফত অবহিত করিবেন এবং নতুন ঠিকাদারগণকে নিবন্ধন বহি প্রদান করিবেন ।

৭। নিবন্ধন বহি প্রদানের পূর্বে পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩)(ঙ) অনুযায়ী নতুন ঠিকাদারগণকে তালিকাভুক্তি ফি বাবদ ৫.০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ২০১১-১২ সালে তালিকাভুক্ত ঠিকাদারগণকে নবায়ন ফি বাবদ ২,০০০.০০ টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট র‍্যাক এ অবশ্যই দাখিল করিতে হইবে।

৮। ইহা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হইল।

স্বা/—

(খন্দকার খালেকুজ্জামান)
পরিচালক

(অঃ পৃঃ দ্রঃ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


পরিচালকের কার্যালয়
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন (নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৭১২৬১৫৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

www.bwdb.gov.bd

**Office of the Director**
**Contract and Procurement Cell**
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 7126155
email: director_cpc@yahoo.com


স্মারক নং-সিপিসি-৫১/পিপিআর/২৫১ /১(২০০) তারিখঃ ১১-০৬-২০১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। সকল দপ্তর প্রধান(বাপাউবো), ..........................................................
২। সচিব, সচিবালয়, বাপাউবো, ঢাকা।
৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। উপ-সচিব(সকল)/উপ-পরিচালক(আইন),..........................................................
৫। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (..................), বাপাউবো, ঢাকা।

পরিচালক
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা

System Analyst

চীফ মনিটরিং
বাপাউবো, ঢাকা।